

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 07 April, 2025

চট্টগ্রামের মিরসরাইয়ে অবৈধ বালু উত্তোলনের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে মিরসরাই উপজেলা প্রশাসন। রবিবার (৬ এপ্রিল) দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬পর্যন্ত তিন ঘণ্টা এ অভিযান পরিচালনা করেন মিরসরাই উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো: সাইফুল ইসলাম।

এ সময় করেরহাট অলিনগর বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি ও জোরারগঞ্জ থানা পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো: সাইফুল ইসলাম বলেন, ‘স্থানীয় কৃষকদের অভিযোগের ভিত্তিতে ফেনী নদীর বিভিন্ন পয়েন্টে অবৈধ বালু উত্তোলন বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ফেনী নদীর লিচুতলা ও মোল্লাপাড়া পয়েন্টে গিয়ে দেখা যায়, নদীর তীর ঘেঁষে স্থাপিত শ্যালো ড্রেজার মেশিনের মাধ্যমে বালু উত্তোলনের ফলে কৃষিজমির ভাঙন দেখা দিয়েছে। তারই প্রেক্ষিতে দু’টি স্থানে স্থাপিত ১৫টি শ্যালো ড্রেজার বিকল এবং বালু উত্তোলনের প্রায় দেড় কিলোমিটার সংযোগ পাইপ বিনষ্ট করা হয়েছে।

তিনি আরো বলেন, ‘এ সময় বালু উত্তোলনের কাজে জড়িত কাউকে আটক করা যায়নি। স্থানীয়দের অবৈধ বালু উত্তোলনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে উদ্বুদ্ধ করা হয় এবং উপজেলা প্রশাসনকে অবহিত করতে অনুরোধ করা হয়েছে। ফেনী নদীতে অবৈধ বালু উত্তোলনের প্রতিরোধে উপজেলা প্রশাসনের অভিযান চলমান থাকবে বলেও জানান এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।

চট্টগ্রাম উপজেলা প্রশাসন বালু উত্তোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 April, 2025 17:26

URL: <https://timestodaybd.com/across-the-country/775807421>